



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)

রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)

১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮।

www.bscccl.com



আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের জন্য বিজ্ঞপ্তি

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত যোগ্যতা, অভিজ্ঞতা, সম্মানী ও অন্যান্য শর্তে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবায় নিয়োজিত আগ্রহী বাংলাদেশী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ডাকযোগে প্রেরিত দরখাস্ত আগামী ০৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি. তারিখের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত সময়ের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি উপস্থিত হয়েও আবেদন জমা দেয়া যাবে।

০১। আবেদনকারীর যোগ্যতাঃ আবেদনকারী প্রতিষ্ঠান /আবেদনকারী প্রতিষ্ঠানের যে অংশীদার বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তাকে/তার প্রতিষ্ঠানকে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক আর্থিক প্রতিবেদন নিরীক্ষার নিমিত্ত সর্বশেষ প্রকাশিত অডিট ফর্মের তালিকাভুক্ত হতে হবে। তাছাড়া আবেদনকারী প্রতিষ্ঠান/ আবেদনকারী প্রতিষ্ঠানের যে অংশীদার বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন উক্ত প্রতিষ্ঠান/ উক্ত অংশীদারকে অবশ্যই জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ কর্তৃক আয়কর পেশাজীবী ও ভ্যাট পরামর্শক হিসেবে প্রতিনিধিত্ব করার বিষয়টি অনুমোদিত হতে হবে।

০২। অভিজ্ঞতাঃ

- (ক) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার টেলিকম/ইন্টারনেট/ডাটাকম সেক্টরের কোন প্রতিষ্ঠানের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বৎসর সেবা প্রদান করার অভিজ্ঞতাসহ আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানে সর্বমোট ন্যূনতম ১০ (দশ) বছরের সেবা প্রদান করার অভিজ্ঞতা থাকতে হবে।
- (খ) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার ঢাকা স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানির আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানের ন্যূনতম ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
- (গ) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার কমপক্ষে মোট ২০ কোটি টাকা Disputed Taxable Income মূল্যমানের কর আপিল / কর আপিল ট্রাইব্যুনালের মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।
- (ঘ) যে আবেদনকারী বিএসসিসিএলকে আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদান করবেন তার সরকারি/স্বায়ত্ব শাসিত/সরকারি মালিকানাধীন কোন প্রতিষ্ঠানের আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে ন্যূনতম ০৩ (তিন) বছরের সেবা প্রদান করার অভিজ্ঞতাসহ থাকতে হবে। আবেদনকারীর অভিজ্ঞতা প্রমাণের নিমিত্ত প্রয়োজনীয় সনদ ও অন্যান্য দলিল অবশ্যই আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৩। সম্মানীঃ বিএসসিসিএল-এর অনুমোদিত সিডিউল অনুযায়ী নির্ধারিত হারে (প্রযোজ্য আয়কর কর্তনের পর) সম্মানী প্রাপ্য হবেন।

০৪। চুক্তির মেয়াদঃ প্রাথমিকভাবে ০২ (দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য। ০৩ (তিন) মাসের অগ্রিম নোটিশ প্রদান করে যে কোন পক্ষ চুক্তির অবসান ঘটাতে পারবে। তবে কোন পক্ষ কর্তৃক চুক্তি ভঙ্গের কারণে চুক্তির অবসানের ক্ষেত্রে এরূপ নোটিশ পিরিয়ড প্রযোজ্য হবে না।

০৫। আগ্রহী আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের/প্রতিষ্ঠানের অংশীদারের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর সর্বোচ্চ ৭ জনের একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে। সংক্ষিপ্ত তালিকাভুক্ত আয়কর ও ভ্যাট পরামর্শক সেবা প্রদানকারীকে বিএসসিসিএলের প্রস্তাব মূল্যায়ন কমিটি কর্তৃক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। সাক্ষাৎকারোত্তর কোম্পানির আয়কর ও ভ্যাট পরামর্শক হিসেবে নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের যোগ্যতাভিত্তিক মেধা তালিকা প্রস্তুতকরতঃ মেধা তালিকার ১ম স্থানের প্রতিষ্ঠানকে কোম্পানির নির্ধারিত শর্ত ও দরে কাজ করার নিমিত্ত চুক্তিবদ্ধ হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। মেধা তালিকার ১ম স্থানের প্রতিষ্ঠানের সাথে সমঝোতা ও চুক্তি সম্ভব না হলে ক্রমান্বয়ে পরের অবস্থানের প্রতিষ্ঠানকে চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণ জানানো হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারে অবতীর্ণ হওয়ার জন্য কোন ভ্রমভাড়া প্রদান করা হবে না।

বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত অথবা সকল দরখাস্ত গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করে। অসম্পূর্ণ/ প্রত্যাশিত প্রমাণক সংযুক্ত করা হয়নি এরূপ আবেদন বাতিল মর্মে বিবেচিত হবে। বিএসসিসিএল কর্তৃপক্ষ আবেদনকারীগণের নিকট ব্যাখ্যা/প্রমাণক ও নতুন তথ্য প্রদানের জন্য অনুরোধ করার ক্ষমতা সংরক্ষণ করে। আয়কর ও ভ্যাট পরামর্শক নিয়োগের বিষয়ে কোম্পানির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

[বিঃ দ্রঃ বিস্তারিত কার্যপরিধিসহ নিয়োগ সংক্রান্ত অন্যান্য তথ্য ও শর্তাবলী বিএসসিসিএল -এর ওয়েবসাইটে (www.bscccl.com) পাওয়া যাবে।]

০৭/০৮/২০২০

উপ-মহাব্যবস্থাপক (সংগ্রহ ও সেবা)

বিএসসিসিএল

ফোন: ৮৮৭৮৪৮৪

ই-মেইল: dgm.p&l@bscccl.com